



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৪ জুন ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

লংগদুতে সন্তু গ্রুপ কর্তৃক ইউপিডিএফের ৩ কর্মীকে হত্যার ঘটনায় নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা ইউনিটের প্রধান সংগঠক উজ্জ্বল স্মৃতি চাকমা সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে আজ ১৪ জুন রবিবার সকালে রাঙামাটির লংগদু উপজেলার ভাইবোনছড়া গ্রামে জেএসএস(সন্তু গ্রুপ) কর্তৃক তিন ইউপিডিএফ সদস্যকে ব্রাশ ফায়ারে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি ঘটনার বর্ণনা দিয়ে বলেন, আজ রবিবার সকালে ইউপিডিএফ সদস্যরা লংগদু উপজেলার ভাইবোনছড়া গ্রামে যুদ্ধমনি চাকমার বাড়িতে অবস্থান করছিলেন। সকাল আনুমানিক সাড়ে ৬টার দিকে জেএসএস সন্তু গ্রুপের একদল সশস্ত্র সন্ত্রাসী সেখানে হানা দিয়ে অতর্কিতে ব্রাশ ফায়ার করে তিন ইউপিডিএফ সদস্যকে হত্যা করে।

সন্তু গ্রুপের সন্ত্রাসী কর্তৃক যারা হত্যার শিকার হয়েছেন তারা হলেন- বাড়ির মালিক (ইউপিডিএফ সদস্য) যুদ্ধমনি চাকমা ওরফে অমিত(৩২), পিতা তুলমনি চাকমা, গ্রাম- ভাইবোন ছড়া, লংগদু, রুপময় চাকমা ওরফে সুজয় (৩০), পিতা- রশ্মি চাকমা, গ্রাম- বড় কাঙোলি, লংগদু ও সুমন চাকমা(২৫), পিতা- নারায়ন চাকমা, গ্রাম- ছোট করল্যাছড়ি, নান্যাচর।

বিবৃতিতে তিনি ক্ষোভ প্রকাশ করে বলেন, পার্বত্য চট্টগ্রামে সন্তু লারমা একজন দানবে পরিণত হয়েছেন। পার্বত্য চুক্তি বাস্তবায়নে অসহযোগ আন্দোলনের কথা বলে তিনি জনগণকে বিভ্রান্ত করে আবারো হত্যাকাণ্ডে মেতে উঠেছেন।

বিবৃতিতে তিনি অভিযোগ করে আরো বলেন, ক্ষমতাসীন সরকার ইউপিডিএফের ওপর দমন পীড়ন জারি রেখে সন্তু লারমাকে দিয়ে হত্যা ও সন্ত্রাস চালিয়ে যাচ্ছে। সরকারের মদদেই সন্তু লারমা এসব সন্ত্রাসী কর্মকাণ্ড পরিচালনা করছেন। যার কারণে খুনী সন্তু লারমাকে এখনো জামাই আদর দিয়ে আঞ্চলিক পরিষদের গদিতে বসিয়ে রাখা হয়েছে।

বিবৃতিতে তিনি অবিলম্বে ইউপিডিএফের তিন সদস্যকে হত্যার সাথে জড়িত সন্তু লারমার সশস্ত্র সন্ত্রাসীদের গ্রেফতার, আঞ্চলিক পরিষদ থেকে অপসারণ করে খুনী সন্তু লারমার বিচার ও সন্তু গ্রুপের সন্ত্রাসীদের সরকারী মদদদান বন্ধ করার দাবি জানান।

বার্তা প্রেরক

সচল চাকমা

সংগঠক

ইউপিডিএফ

রাঙামাটি জেলা ইউনিট।